গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

নম্বর: ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৩.২৮২ তারিখ: ০২/০৩/২০২৩ খ্রি.

**বিষয়ঃ ২০২২-২০২৩ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা।**

## পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা

- আগামী ১০/০৩/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য এমবিবিএস ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এইচএসসি/সমমান পরীক্ষার প্রবেশপত্র/রেজিস্ট্রেশন কার্ড এবং রিফিল দেখা যায় এমন কালো কালির বলপয়েন্ট কলম নিয়ে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে সকাল ৯:৩০ মিনিটের পূর্বেই প্রবেশ করতে হবে। **৯:৩০ মিনিটের পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।**
- পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, হাতঘড়ি, পকেটঘড়ি বা অন্য কোনো ধরনের ডিজিটাল ডিভাইস/গেজেট নিয়ে প্রবেশ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো পরীক্ষার্থীর কাছে উল্লিখিত ডিভাইস পাওয়া গেলে অথবা কাউকে এ ধরনের কোন ডিভাইস ব্যবহার করতে দেখা গেলে তার উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- উত্তর প্রদান করার আগে পরীক্ষার্থীকে প্রশ্নপত্রের সাথে সংযুক্ত উত্তরপত্র (OMR Sheet)টি নিজ দায়িত্বে সাবধানতার সাথে আলাদা করে নিতে হবে এবং উত্তরপত্রে উল্লেখিত নির্দেশাবলি প্রতিপালন করতে হবে।
- প্রবেশপত্র অনুযায়ী উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর প্রদান করতে হবে এবং স্পষ্টভাবে নাম লিখতে হবে। উত্তরপত্রের নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করা এবং নির্দেশিত স্থানে যথাযথ তথ্য প্রদান ব্যতীত অন্য কোন স্থানে কিছু লিখা সম্পূর্ণ নিষিদ্ধ এবং লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- কোন পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন সময়ে দুই কান ঢেকে রাখতে পারবেন না । হল পরিদর্শকগণ উত্তরপত্রে স্বাক্ষর প্রদানের সময় সনাক্তকরণের জন্য প্রয়োজনে পরীক্ষার্থীর মুখমণ্ডলের আবরন খোলার নির্দেশনা দিতে পারবেন।
- পরীক্ষার্থীকে অসুদপায় অবলম্বন অথবা বিশৃঙ্খলা সৃষ্টি করতে অথবা অন্যের সাহায্য নিতে অথবা অন্যকে সাহায্য করতে দেখা গেলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে এবং তার উত্তরপত্র বাতিল করা হবে।
- পরীক্ষার্থীকে হল পরিদর্শকের নির্দেশ ও সিদ্ধান্ত মেনে চলতে হবে। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এবং হল পরিদর্শকের অনুমতি ব্যতীত পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে দেয়া হবে না।

## সাধারণ নির্দেশনা

- ২০২২-২০২৩ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষা আগামী ১০/০৩/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা থেকে ১১.০০ টা পর্যন্ত রাজধানী ঢাকার ০৫ (পাঁচ) টি কেন্দ্রসহ দেশের ১৯ (উনিশ)টি কেন্দ্রের অধীনে ৫৭ (সাতান্ন)টি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হবে। কেন্দ্রের মূল ফটক সকাল ৮:০০টা থেকে খোলা থাকবে; সকাল ৯:৩০ মিনিটে কেন্দ্রের মূল ফটক বন্ধ হয়ে যাবে।
- পরীক্ষা ব্যবস্থাপনার দায়িত্ব পালনের পরিচয়পত্র ব্যতীত কেউ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।
- ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের লক্ষ্যে সরকার সজাগ রয়েছেন; আইন প্রয়োগকারী সংস্থা তৎপর রয়েছে। ভেন্যুসমূহে পরীক্ষায় অংশগ্রহণকারী ভর্তিচ্ছু শিক্ষার্থীদের যাতায়াত সহজ করার লক্ষ্যে ট্রাফিক নিয়ন্ত্রণ ও পরীক্ষা চলাকালীন সময়ে ভেন্যুর চর্তুদিকে আইন প্রয়োগকারী সংস্থার সংশ্লিষ্ট ভিজিলেন্স টিমের পেট্রোল নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
- ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে এমবিবিএস ও বিডিএস ভর্তি কোচিং সেন্টারগুলো আগামী ১১/০৩/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বন্ধ থাকবে এবং ০৯/০৩/২০২৩ খ্রি. তারিখ থেকে ১০/০৩/২০২৩ খ্রি. পর্যন্ত পরীক্ষা কেন্দ্র/ভেন্যুসমূহের নিকটবর্তী দোকানসমূহের ফটোকপি মেশিন বন্ধ থাকবে।
- দেশের বিভিন্ন স্থান থেকে আগত পরীক্ষার্থীদের নির্বিঘ্নে ও শান্তিপূর্নভাবে ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করার লক্ষ্যে পরীক্ষার দিন পরীক্ষা কেন্দ্র/ভেন্যুসমূহে অহেতুক ও বিনা প্রয়োজনে ভীড় করা থেকে বিরত থাকার জন্য অভিভাবকবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।
- এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার সুযোগ নাই। পরীক্ষার্থীদেরকে গুজবে বিশ্বাস না করে, প্রতারণার জালে পা না দিয়ে নিবিড়ভাবে পড়াশুনায় মনোনিবেশ করে নিজ যোগ্যতা প্রদর্শনের জন্য উপদেশ দেওয়া যাচ্ছে।
- প্রতারকচক্রের অনৈতিক প্রলোভনে, সাড়া না দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে। প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ালে তথ্যপ্রযুক্তি আইনের আওতায় ব্যবস্থা নেয়া হবে।
- ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০২/০৩/২০২৩

ডা: মুজতাহিদ মুহাম্মদ হোসেন
পরিচালক, চিকিৎসা শিক্ষা (ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

এমবিবিএস ভর্তি পরীক্ষা, শিক্ষাবর্ষ ২০২২-২০২৩ খ্রি.

তারিখ: ১০ মার্চ, ২০২৩ খ্রিঃ, শুক্রবার

সময়: ১ ঘন্টা (সকাল ১০:০০ টা থেকে ১১:০০টা)

## পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

প্রশ্নপত্র ও উত্তরপত্র সংক্রান্ত নিয়মাবলী:

১. উত্তরপত্রের (OMR Sheet) উপর মুদ্রিত ১০ (দশ) অঙ্কের Set Code টি প্রশ্নপত্রে মুদ্রিত Set Code এর সাথে না মিললে কিংবা প্রশ্নপত্রে ক্রমানুসারে এক থেকে একশতটি প্রশ্ন না থাকলে উত্তরপ্রশ্নপত্রটি পরিবর্তন করে নিতে হবে।

২. উত্তরপত্রের সকলস্থানেই কালো কালির বল পেন ব্যবহার করতে হবে।

৩. Roll No. ও Serial No. নির্দিষ্ট স্থানে ইংরেজিতে লিখে তারপর সংশ্লিষ্ট বৃত্তগুলো তদানুযায়ী যথাযথভাবে ভরাট করতে হবে। কোন প্রকার ঘষামাজা বা কাটাকাটি করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৪. বৃত্তগুলো নিচের প্রদর্শিত পদ্ধতিতে এমনভাবে ভরাট করতে হবে যেন ভিতরের লেখাটি দেখা না যায়।

৫. উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে প্রবেশপত্র অনুযায়ী স্বাক্ষর প্রদান করতে হবে এবং স্পষ্টভাবে নাম লিখতে হবে, অন্যথায় উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৬. উত্তর প্রদান করার আগে পরীক্ষার্থীকে প্রশ্নপত্রের সাথে সংযুক্ত এই উত্তরপত্র (OMR Sheet) টি নিজ দায়িত্বে সাবধানতার সাথে আলাদা করে নিতে হবে।

৭. প্রশ্নপত্রের সাথে দেয়া উত্তরপত্রে প্রতিটি প্রশ্নের জন্য চারটি সম্ভাব্য উত্তরের বৃত্ত রয়েছে। তার মধ্য হতে সঠিক উত্তরের বৃত্তটি পরিচ্ছন্নভাবে উপরে প্রদর্শিত নিয়ম মেনে সম্পূর্ণ ভরাট করতে হবে।

৮. উত্তরপত্রের নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করা এবং নির্দেশিত স্থানে যথাযথ তথ্য প্রদান করতে হবে। এতদ্ব্যতিত অন্য কোন স্থানে কিছু লিখা সম্পূর্ণ নিষিদ্ধ এবং লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৯. খসড়ার জন্য প্রশ্নপত্র ব্যবহার করা যাবে। কোন পৃথক কাগজ ব্যবহার করা যাবে না। প্রশ্নপত্রের কোন অংশ ছেড়া যাবে না কিংবা কারও সাথে বদল করা যাবে না।

১০. উত্তরপত্রে হল পরিদর্শকের স্বাক্ষর করার সময়ে পরীক্ষার্থীকে প্রশ্নপত্র ও উত্তরপত্র আলাদা করা অবস্থায় রাখতে হবে।

১১. উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে হল পরিদর্শকের স্বাক্ষর গ্রহণ এবং সম্পূর্ণ নাম লিখা নিশ্চিত করতে হবে। কর্তব্যরত হল পরিদর্শকের স্বাক্ষর ও নামবিহীন উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১২. পরীক্ষা শেষে হল পরিদর্শকগণ প্রশ্নপত্র ও উত্তরপত্র আলাদা অবস্থায় পরীক্ষার্থীর কাছ থেকে গ্রহণ করবেন এবং আলাদাভাবে নির্দিষ্ট খামে ভরবেন।

উত্তরপত্র মূল্যায়ণ নীতিমালা

১৩. প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

পরীক্ষার হলের শৃংখলা সংক্রান্ত সাধারণ নিয়মাবলী

১৪. পরীক্ষার্থীকে হল পরিদর্শকের নির্দেশ ও সিদ্ধান্ত মেনে চলতে হবে।

১৫. পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এবং হল পরিদর্শকের অনুমতি ব্যতীত পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে দেয়া হবে না।

১৬. পরীক্ষার্থীকে অসুদপায় অবলম্বন অথবা বিশৃঙ্খলা সৃষ্টি করতে অথবা অন্যের সাহায্য নিতে অথবা অন্যকে সাহায্য করতে দেখা গেলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে এবং তার উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৭. পরীক্ষার হলে মোবাইল ফোন, কোন ধরনের ডিজিটাল ডিভাইস, ক্যালকুলেটর, হাতঘড়ি বা পকেটঘড়ি নিয়ে প্রবেশ করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। এরপরও পরীক্ষার হলে কারো কাছে উল্লিখিত নিষিদ্ধ কোন কিছু পাওয়া গেলে অথবা কাউকে এ ধরনের কোন ডিভাইস ব্যবহার করতে দেখা গেলে তার উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮. পরীক্ষার হলে সকল পরীক্ষার্থী কোভিড ১৯ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

১৯. কোন পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন সময়ে দুই কান ঢেকে রাখতে পারবেন না । হল পরিদর্শকগণ উত্তরপত্রে স্বাক্ষর প্রদানের সময়ে সনাক্তকরণের জন্য প্রয়োজনে পরীক্ষার্থীর মুখমন্ডল খোলার নির্দেশনা দিতে পারবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

নম্বর: ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৩.২৪০ তারিখ: ২৬/০২/২০২৩ খ্রি.

## বিষয়ঃ এমবিবিএস ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের জন্য বিশেষ বার্তা।

শতভাগ স্বচ্ছতার সাথে ২০২২-২০২৩ খ্রি: শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সের ভর্তি পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলছে। সুষ্ঠু পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সরকারের নীতি নির্ধারণী মহল সজাগ রয়েছেন এবং আইন প্রয়োগকারী সংস্থা তৎপর রয়েছে। **প্রতারকচক্রের অনৈতিক প্রলোভনে সাড়া না দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে। প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ালে তথ্য প্রযুক্তি আইনের আওতায় ব্যবস্থা নেয়া হবে।**

আগামি ১০/০৩/২০২৩খ্রি: তারিখ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকায় দেশের ১৯টি পরীক্ষা কেন্দ্রে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকল পরীক্ষার্থীকে ৯:৩০ মিনিটের পূর্বেই এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এইচএসসি/সমমান পরীক্ষার প্রবেশপত্র/রেজিষ্ট্রেশন কার্ড এবং রিফিল দেখা যায় এমন কালো বলপয়েন্ট কলম নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে। **৯:৩০ মিনিটের পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। ঘড়ি, মোবাইল বা অন্য কোনো ডিজিটাল ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট সকলের জন্য এটা প্রযোজ্য।**

**যে কোন অবৈধ কর্মকান্ত সম্পর্কে অবিলম্বে জানান**

প্রতারকচক্রের কোন অবৈধ কর্মকান্ড সম্পর্কে অবহিত হলে স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোল রুম টেলিফোন নং-+৮৮০২২২২২৮৫৯৩৩, ২২২২৮৫৯৩৩ মোবাইল নং ০১৭৫৯-১১৪৪৮৮ এবং ০১৭৬৯-৯৫৪১৩৭ নম্বরে এবং নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থাকে জানানোর জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে। সার্বিকভাবে একটি পরিচ্ছন্ন ভর্তি পরীক্ষার সফল বাস্তবায়নে সকল মহলের সহযোগিতা একান্ত কাম্য।

### সতর্ক বার্তা

এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার সুযোগ নাই। পরীক্ষার্থীদেরকে গুজবে বিশ্বাস না করে, প্রতারণার জালে পা না দিয়ে নিবিড় ভাবে পড়াশুনায় মনোনিবেশ করে নিজ যোগ্যতা প্রদর্শনের জন্য উপদেশ দেওয়া যাচ্ছে। ১০/০৩/২০২৩ ইং তারিখ সকাল ৯:৩০ মিনিটে কেন্দ্রে অবশ্যই প্রবেশ করতে হবে এবং ৯:৩০ মিনিটে কেন্দ্রের মূল ফটক বন্ধ হয়ে যাবে। কেন্দ্রের মূল ফটক সকাল ৮:০০ মিনিট থেকে খোলা থাকবে।

২৬/০২/২০২৩

ডা: মুজতাহিদ মুহাম্মদ হোসেন
পরিচালক, চিকিৎসা শিক্ষা (ভারপ্রাপ্ত)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষন: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষন: সহকারী পরিচালক, প্রশাসন-১)।
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. যুগ্ম সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সভাপতি, ২০২২-২০২৩ খ্রি: শিক্ষাবর্ষ এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষার উপদেষ্টা মন্ডলী।
৮. সভাপতি, ২০২২-২০২৩ খ্রি: শিক্ষাবর্ষ এমবিবিএস, বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি।
৯. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/ডা: এসএম সোয়েব আহমেদ চিশতী, সহকারী পরিচালক (অডিট), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
১০. অধ্যক্ষ : বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর, চট্টগ্রাম মেডিকেল কলেজ, কুমিল্লা মেডিকেল কলেজ, ঢাকা মেডিকেল কলেজ, খুলনা মেডিকেল কলেজ, এম আব্দুর রহিম মেডিকেল কলেজ, দিনাজপুর, এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট, মুগদা মেডিকেল কলেজ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, পাবনা মেডিকেল কলেজ, রাজশাহী মেডিকেল কলেজ, রংপুর মেডিকেল কলেজ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ ও স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা ও ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা।

**(স্থানীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।**

১১। অফিস কপি।